80

তারিখ 25 JAN 1996
পৃষ্ঠা ১৩ কলাম ৫

দৈনিক ইত্তেফাক

# অর্থ সংকটে শিক্ষা প্রতিষ্ঠানের সংস্কার বন্ধ ॥ লেখাপড়া ব্যাহত

সমস্যা জর্জরিত ১টি সরকারী হাইস্কুল ও ১টি বেসরকারী হাইস্কুল ছাত্র-ছাত্রীদের জন্য দুর্ভোগের কেন্দ্রে পরিণত হইয়াছে। উন্নয়ন বা সমস্যা সমাধানের কার্যকর ব্যবস্থা নেওয়া হইতেছে না। অর্থ সংকট প্রধান বিষয়বস্তু হইয়া দাঁড়াইয়াছে। লেখাপড়ায় বিঘ্ন এখন নিয়মে পরিণত হইয়াছে। খবর ২ জন সংবাদদাতার।

নাটোরঃ এই জেলা শহরের একমাত্র সরকারী উচ্চ বালিকা বিদ্যালয় অন্তহীন সমস্যায় পতিত। আট শতাধিক ছাত্রীর জন্য প্রয়োজনীয় কক্ষ ও বেঞ্চ নাই। অনেক সময় ছাত্রীরা শ্রেণীকক্ষে দাঁড়াইয়া ক্লাস করে। সামান্য বৃষ্টি হইলে খেলার মাঠে পানি জমিয়া যায়। অভিভাবকেরা অভিযোগ করিয়াছেন, ছাত্রীদের টিফিনের টাকা আদায় করা হইলেও খুবই নিম্নমানের সামান্য টিফিন দেওয়া হয়। পরীক্ষার ফিসহ অন্যান্য খাতেও নাকি অতিরিক্ত টাকা আদায় করা হয়। প্রধান শিক্ষয়িত্রী বার বছর যাবৎ নির্ধারিত বাসভবনে বসবাস না করিয়া স্কুলেরই অপর একটি ভবনে অবস্থান করিতেছেন। অথচ তিনি বাসা ভাড়া বাবদ সরকারী অর্থ গ্রহণ করিয়া চলিয়াছেন। এ ব্যাপারে প্রধান শিক্ষয়িত্রীর সহিত যোগাযোগ করিলে তিনি অভিযোগ সত্য নয় বলিয়া জানান।

টেকেরহাট (মাদারীপুর) ॥ ইশিবপুর বেসরকারী হাইস্কুলটি নানা সমস্যার জর্জরিত। প্রয়োজনীয় শ্রেণীকক্ষের অভাব এবং পুরাতন ঘরের বেহাল অবস্থা ৬ শত ছাত্র/ছাত্রীর লেখাপড়ায় বিঘ্ন ঘটাইতেছে। এই হাইস্কুল প্রতিষ্ঠালগ্ন ১৯৩২ সালে নির্মিত। টিনের ঘরগুলি জরাজীর্ণ হইয়া পড়ায় ক্লাস চালানো দুরূহ। তাহার উপর রহিয়াছে শ্রেণীকক্ষের স্বল্পতা। বিজ্ঞান ভবনের ছাদের প্লাষ্টার খসিয়া পড়িয়াছে। ছাদে ফাটল ধরায় যেকোন সময় ধসিয়া পড়ার আশংকা দেখা দিয়াছে। অর্থাভাবে মেরামত বা সংরক্ষণের ব্যবস্থা নেওয়া হইতেছে না। এই স্কুলে বেঞ্চ, টেবিল-চেয়ারসহ আসবাবপত্রের দারুণ অভাব রহিয়াছে। মাঠ সংস্কারের অভাবে ছাত্র/ছাত্রীদের খেলাধুলাও বিঘ্নিত হইতেছে। স্কুলে যাতায়াত পথের কাঠের সেতুটি ভাঙ্গিয়া পড়িয়াছে। এই ভাঙ্গা সেতু পারাপারে ছাত্র/ছাত্রী ও পথচারীদের বিপদের ঝুঁকি নিতে হয়। স্কুলের প্রধান শিক্ষক উল্লেখিত সমস্যাসমূহের সত্যতা স্বীকার করিয়া জানান, প্রয়োজনীয় টাকার অভাবে উন্নয়ন বা সমস্যা সমাধানের ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হইতেছে না। এ ব্যাপারে শিক্ষা বিভাগের নিকট পেশকৃত আবেদন-নিবেদনও কার্যকর হইতেছে না।